# স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৫

## সাম্মানিক বাংলা

### সেমেস্টার : ৬ : কোর্স : ২ (H-14)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

### একক - ১

১। "মানব-আত্মার শাশ্বত সন্ধান যে তাঁহার জীবনেও শুরু হইয়াছে, তাহার প্রমাণ পাওয়া যায় 'মানসী' কাব্যে" — তোমাদের পাঠ্যকবিতাগুলি অবলম্বনে রবীন্দ্রনাথ সম্পর্কে এই বক্তব্য কতদূর গ্রহণযোগ্য আলোচনা করো। ১০

২। 'বধূ' কবিতায় গ্রাম্য বালিকার অন্তর্জগতের চিত্রটি বর্ণনা করো। ১০

৩। 'এ কি দুই দেবতার দ্যূতখেলা অনিবার
ভাঙাগড়াময়
চিরদিন অন্তহীন জয়পরাজয়।'—

'সিন্ধুতরঙ্গ' কবিতার বিষয়বস্তু বিশ্লেষণ করে উল্লিখিত অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

### একক - ২

৪। 'আমারে করিল অতিক্রম আমার এ তুচ্ছ দেহখানা'— চিত্রাঙ্গদার এই বক্তব্যের সূত্রে তার সত্তার সংকটটি বুঝিয়ে দাও। ১০

৫। 'চিত্রাঙ্গদা' কাব্যনাট্যে নাটকের মূল দ্বন্দ্ব ফুটিয়ে তুলতে মদন এবং বসন্ত চরিত্রদুটি রবীন্দ্রনাথ কীভাবে ব্যবহার করেছেন আলোচনা করো। সেই সূত্রে নৃত্যনাট্যে বসন্ত চরিত্রটি বর্জন কতটা যুক্তিযুক্ত হয়েছে, সে সম্পর্কে তোমার অভিমত জানাও। ৭+৩=১০

৬। 'চিত্রাঙ্গদা' কাব্যনাট্যে প্রেম ও কর্তব্যের দ্বন্দ্ব কীভাবে প্রকাশ পেয়েছে তা বিশ্লেষণ করো। ১০

### একক - ৩

৭। 'পঞ্চভূত' গ্রন্থের প্রতিটি চরিত্রের যে-পরিচয় লেখক দিয়েছেন, তার সঙ্গে চরিত্রদের আচরণ কতটা সংগতিপূর্ণ তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১০

৮। 'কমেডিতে পরের অল্প পীড়া দেখিয়া আমরা হাসি এবং ট্র্যাজেডিতে পরের অধিক পীড়া দেখিয়া আমরা কাঁদি'— 'কৌতুকহাস্য' প্রবন্ধ অবলম্বনে এই মন্তব্য আলোচনা করো। ১০

৯। 'পথপ্রান্তে' রচনাটির মধ্যে পথের কথা এবং প্রেমের কথা কীভাবে ব্যক্ত হয়েছে আলোচনা করে দেখাও। ১০

১০। সংক্ষেপে আলোচনা করো (যে-কোনো দুটি ) : ২×৫=১০

(ক) 'কবির সঙ্গে যেন এক শিল্পী এসে যোগ দিল'।

(খ) 'হাসে পরিচিত হাসি নিখিল সংসার'।

(গ) 'চিত্রাঙ্গদা'-তে 'দ্বিতীয় অর্জুন' প্রসঙ্গ।

(ঘ) 'চিত্রাঙ্গদা' কাব্যনাট্যের দৃশ্যপরিকল্পনা।

(ঙ) 'সত্য বলিব। কিন্তু সে সত্য বানাইয়া বলিব'।

(চ) 'জয়দেবের ললিতলবঙ্গলতা ভালো বটে, কিন্তু বেশিক্ষণ নহে।'